# তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিষ্ট্রিবিউশন পিএলসি.
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

স্মারক নং- ২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০২.২৬/২১৮

তারিখ: ০২/০৭/২০২৬

## দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), উপব্যবস্থাপক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত অফিস আদেশ (G.O.) নং: ২৮.০০.০০০০.০২০.২৫.০০১.১৯.২৪৩০, তারিখ: ০৮/০১/২০২৪ এর মাধ্যমে মঞ্জুরকৃত ০২ (দুই) বছরের শিক্ষা ছুটির মেয়াদ গত ০৭/০১/২০২৬ তারিখে শেষ হলেও অদ্যাবধি বিধিবহির্ভূতভাবে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

২। যেহেতু, আপনার ২৫/১১/২০২৫, ০৬/০১/২০২৬ ও ০৫/০২/২০২৬ তারিখে শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদনের বিপরীতে ছুটির মেয়াদ বর্ধিত করা সম্ভব নয় মর্মে সংশ্লিষ্ট বিভাগ অবহিত করলেও আপনি ০৮/০১/২০২৬ তারিখ হতে অদ্যাবধি বিধিবহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

৩। যেহেতু, আপনি অনুমতিসহ দেশত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করছেন; এবং

৪। যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৩৮(খ) ও ৩৮(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত দন্ডযোগ্য অপরাধ; এবং

৫। যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে পত্র স্মারক নং- ২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০২.২৬/১০৯, তারিখ: ১২/০৩/২০২৬ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এবং ই-মেইলে প্রেরণ করা হয়; এবং

৬। যেহেতু, আপনি অভিযোগনামার জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে আগ্রহ প্রকাশ করেননি; এবং

৭। যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৪২ এর উপধারা-(৩) মোতাবেক কোম্পানির পত্র স্মারক সূত্র নং- ২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০২.২৬/১৪০, তারিখ: ২০/০৪/২০২৬ এর মাধ্যমে একটি বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

৮। যেহেতু, উক্ত তদন্ত কমিটি ১৬/০৬/২০২৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনাকে অভিযোগনামায় আনীত অভিযোগে দোষী সাব্যস্ত করেছেন; এবং

৯। যেহেতু, তদন্ত প্রতিবেদনে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক আপনাকে যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বর্ণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

১০। সেহেতু, আপনি প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), উপব্যবস্থাপক-এর বিরুদ্ধে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং আপনার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই প্রবিধানমালার ৩৯(১)(খ)(ঈ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত বা প্রবিধানমালায়

প্রধান কার্যালয় ঃ "তিতাস গ্যাস ভবন" ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫, বাংলাদেশ।
টেলিফোন ঃ পিএবিএক্স-৪১০১০০০০-০৪, ৪১০১০৩৭২-৮০, ৪১০১০০১৪, হটলাইন ঃ ১৬৪৯৬, ০৯৬১২০১৬৪৯৬, ০১৯৫২২৭৭৩৭১, ফ্যাক্স ঃ +৮৮-০২-৫৫০১২৬৮৭
ই-মেইল ঃ mdtitasgas@titasgas.org.bd, ওয়েব সাইট ঃ www.titasgas.org.bd

তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিষ্ট্রিবিউশন পিএলসি.
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বর্ণিত অন্য কোনো গুরুদন্ড প্রদান করা হবে না তার লিখিত জবাব এ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি (১৬ পৃষ্ঠা)।

02/9/25

শাহনেওয়াজ পারভেজ
(ব্যবস্থাপনা পরিচালক)

প্রাপকঃ

১। প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), উপব্যবস্থাপক, টিজিটিডি পিএলসি;
২। বর্তমান ঠিকানাঃ প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), পিতাঃ মো. জহির উল্লাহ, বাঁধন কোয়ার্টার, ফ্লাট নং-৩০৩, সিআরপি, চাঁপাইন, সাভার ঢাকা-১৪৪৩; email: axr2656@mavsuta.edu
৩। স্থায়ী ঠিকানা: প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), পিতাঃ মো. জহির উল্লাহ, গ্রামঃ রামগঞ্জ, উপজেলাঃ রামমোহন, ডাকঘরঃ কর্তারহাট, জেলাঃ ভোলা-৮৩৩০।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাব্যবস্থাপক (মানব সম্পদ), টিজিটিডি পিএলসি;
২। উপমহাব্যবস্থাপক (পার্সোনেল), টিজিটিডি পিএলসি;
৩। উপমহাব্যবস্থাপক (আইসিটি ডেভেলপমেন্ট), টিজিটিডি পিএলসি-(কোম্পানির ওয়েবসাইট নোটিশ বোর্ডে আপলোড করার অনুরোধসহ);
৪। উপমহাব্যবস্থাপক (জনসংযোগ), টিজিটিডি পিএলসি-(০২ টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ);
৫। ব্যবস্থাপক (একান্ত সচিব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, টিজিটিডি পিএলসি;
৬। অফিস কপি।

02/9/25 02/09/25 02/09/25 02/9/25



CamScanner